

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১শে আষাঢ় ১৪০৬/১৫ই জুলাই ১৯৯৯

এস. আর. ও নং-২১৪-আইন/৯৯/২৩৬-মুসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সাহিত্য পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর—

(ক) শিরনামা সংখ্যা So১০ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড So১০-২০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“ভবন নির্মাণ সংস্থা কর্তৃক বিক্রিত ফ্ল্যাট বা ইমারত বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের বিশ শতাংশ পরিমাণ অর্থ।”:

(খ) শিরনামা সংখ্যা “So৫৪” এর পরিবর্তে “So৫৫” এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড “So৫৪.০০” এর পরিবর্তে “So৫৫.০০” প্রতিস্থাপিত হইবে;

২। এই প্রজ্ঞাপন ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ডঃ মোঃ রফিকুল ইসলাম

প্রথম সচিব

মুসক (নীতি নির্ধারণ ও বাজেট)।